

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৬১

১২/ ওসীয়াত সম্পর্কে (کتاب الوصایا)

পরিচ্ছেদঃ ১১০. ইয়াতীমের খাদ্যের সাথে নিজ খাদ্য মিশান সম্পর্কে।

باب مُخَالَطَةِ الْيَتِيمِ فِي الطَّعَامِ

আরবী

حَدَّتَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَة، حَدَّتَنَا جَرِيرٌ، عَنْ عَطَاءٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ لَمَّا أَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ (وَلاَ تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلاَّ بِالَّتِي هِيَ أَحْسَنُ) وَ (إِنَّ الَّذِينَ يَأْكُلُونَ أَمْوَالَ الْيَتَامَى ظُلُمًا) الآية انْطَلَقَ مَنْ كَانَ عِنْدَهُ يَتِيمٌ فَعَزَلَ طَعَامَهُ مِنْ طَعَامِهِ وَشَرَابَهُ مِنْ شَرَابِهِ فَجَعَلَ يَفْضُلُ مِنْ طَعَامِهِ فَيُحْبَسُ لَهُ حَتَّى يَأْكُلُهُ أَوْ يَفْسُدَ طَعَامِهِ وَشَرَابَهُ مِنْ شَرَابِهِ فَجَعَلَ يَفْضُلُ مِنْ طَعَامِهِ فَيُحْبَسُ لَهُ حَتَّى يَأْكُلُهُ أَوْ يَفْسُد فَاشْتَدَّ ذَلِكَ عَلَيْهِمْ فَذَكَرُوا ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ (وَيَسْأَلُونَكَ عَنِ الْيَتَامَى قُلْ إِصِلْاحٌ لَهُمْ خَيْرٌ وَإِنْ تُخَالِطُوهُمْ فَإِخْوَانُكُمْ) فَخَلَطُوا طَعَامَهُمْ وَيَسْأَلُونَكَ عَنِ الْيَتَامَى قُلْ إِصِلْاحٌ لَهُمْ خَيْرٌ وَإِنْ تُخَالِطُوهُمْ فَإِخْوَانُكُمْ) فَخَلَطُوا طَعَامَهُمْ بِشَرَابِهِ .

বাংলা

২৮৬১. 'উছমান ইবন আবী শায়বা (রহঃ) ইবন 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ যখন মহান আল্লাহ্ এ আয়াত নাযিল করেনঃ ''তোমরা ইয়াতীমের মালের কাছে যাবে না, তবে উত্তমভাবে, ''আর যারা যুলুম করে ইয়াতীমের মাল ভক্ষণ করে, তারা তাদের পেটকে জাহান্নামের আগুন দিয়ে ভর্তি করে।'' এ আয়াত নাযিল হওয়ার পর যাদের কাছে ইয়াতীম ছিল, তারা ইয়াতীমদের খাদ্য-পানীয়, তাদের খাদ্য-পানীয় হতে বিভক্ত করে দেয়। ইয়াতীমদের ভুক্ত খাদ্য যা অবিশিষ্ট থাকত, হয়ত তা ইয়াতীম পরে খেত, নয়ত পচে নষ্ট হয়ে যেত। ব্যাপারটি তাদের কাছে কঠিন বিবেচিত হওওয়ায় তারা সেটি রাসুলূল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে পেশ করে। তখন মহান আল্লাহ্ এ আয়াত নাযিল করেনঃ ''তারা আপনাকে ইয়াতীমের ব্যাপারে জিজ্ঞাসা করে। আপনি বলুনঃ তাদের সাথে উত্তম ব্যবহার করাই শ্রেয়। যদি তোমরা তাদের সাথে মিলেমিশে থাক, তবে তো তারা তোমাদের ভাই। অতঃপর লোকেরা তাদের খানাপিনায় (আবার) তাদের শরীক করে নেয়।

English

Narrated Abdullah ibn Abbas:



When Allah, Most High, revealed the verses: "Come not nigh to the orphan's property except to improve it". And "Those who unjustly eat up the property of orphans", everyone who had an orphan with him went and separated his food from his (orphan's) food, and his drink from his drink, and began to detain the remaining food which he (the orphan) himself ate or spoiled.

This fell heavy on them, and they mentioned this to the Messenger of Allah (ﷺ). So Allah, Most High, revealed the verse: "They ask thee concerning orphans. Say: The best thing to do is what is for their good; if ye mix their affairs with yours, they are your brethren." Then they mixed their food with his food and their drink with his drink.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন